



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৭৩

শেখ হাসিনা ছাড়া বাংলাদেশ অন্ধকার

- পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৪ কার্তিক (২০ অক্টোবর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, এমপি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়া বাংলাদেশ অন্ধকার, বাংলাদেশ দিশাহীন। তাঁর মতো এত প্রগতিশীল নেতৃত্ব ৭৫'র পরবর্তী বাংলাদেশে আর কখনো আসেনি। ভবিষ্যতে একমাত্র তিনি-ই বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবেন।

আজ বৃহস্পতিবার (২০ অক্টোবর) সন্ধ্যায় রাজশাহীর চারঘাট উপজেলার ঝিকরা উচ্চ বিদ্যালয়ে নবনির্মিত চারতলা একাডেমিক ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

শাহরিয়ার আলম বলেন, বাঙালি জাতি যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে সেজন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন করেছিলেন; কিন্তু আমাদের দুর্ভাগ্য যে, ঘাতকের বুলেটের আঘাতে তাঁকে নির্মম হত্যার শিকার হতে হয়। তিনি তাঁর লালিত স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠা করে যেতে পারেন নাই। তিনি বলেন, বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা শেষ রক্তবিন্দু দিয়ে হলেও পিতার লালিত সেই সোনার বাংলা প্রতিষ্ঠার স্বপ্ন পূরণ করবেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হওয়ার সঙ্গে সঙ্গে প্রধানমন্ত্রী আমাদের নতুন আরেকটি লক্ষ্য নির্ধারণ করে দিয়েছেন সেটি হল- ২০৪১ সালে উন্নত একটি রাষ্ট্রে পরিণত হওয়া। এ ধরনের চিন্তা শুধু শেখ হাসিনা-ই করতে পারেন। তাঁর কারণেই আজ আমরা মধ্যম আয়ের দেশে উন্নীত হতে পেরেছি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষাবান্ধব কাজের প্রশংসা করে শাহরিয়ার আলম বলেন, প্রধানমন্ত্রীর শিক্ষাবান্ধব কাজের ধারাবাহিকতা ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা বাস্তবায়নের ফলে আজকে দেশের এত উন্নয়ন হচ্ছে।

নারীশিক্ষার গুরুত্ব তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, শিক্ষা মেয়েদের জন্য অতীব জরুরি, নারীশিক্ষা কতটা জরুরি সেটা প্রত্যেক অভিভাবককে উপলব্ধি করতে হবে। শিক্ষিত সমাজ প্রতিষ্ঠা করতে হলে আগে শিক্ষিত একজন মা দরকার। মেয়েদেরকে যেকোনো মূল্যে কমপক্ষে ডিগ্রী পাস করাতে হবে। তিনি বলেন, দেশের জনসংখ্যার প্রায় অর্ধেক নারী, সুতরাং নারীদের পিছনে ফেলে রেখে সুখম উন্নয়ন সম্ভব নয়। তাই প্রধানমন্ত্রী নারীর ক্ষমতায়নে নিরলস কাজ করে যাচ্ছেন। এর ধারাবাহিকতায় আজ দক্ষিণ এশিয়ায় নারীর ক্ষমতায়নে বাংলাদেশ শীর্ষে অবস্থান করছে।

করোনাকালে শিক্ষাকার্যক্রম ব্যাহত হয়েছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, করোনাকালে আমাদের অনেক ক্ষতি হয়ে গেছে- এটা শুধু অর্থনৈতিক নয়, স্বাস্থ্যগত নয়, সামাজিক অনেক ক্ষতি হয়ে গেছে আমাদের। ছেলে-মেয়েদের শিক্ষাকার্যক্রম নষ্ট হয়েছে। এখন পুনরায় তাদেরকে পড়ালেখায় মনোযোগ দিতে হবে। এই বিষয়ে আমাদের একসঙ্গে কাজ করতে হবে।

এ সময় তিনি একটি উন্নত সমাজ প্রতিষ্ঠায় শিক্ষকদেরকে দায়িত্বের প্রতি অবহেলা না করার আহ্বান জানান। এর আগে পররাষ্ট্র প্রতিমন্ত্রী ঝিকরা উচ্চ বিদ্যালয়ে নবনির্মিত চারতলা একাডেমিক ভবন উদ্বোধন করেন।

অনুষ্ঠানে চারঘাট উপজেলা চেয়ারম্যান মো. ফকরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার মো. সোহরাব হোসেন ও বাংলাদেশ আওয়ামী লীগের বিভিন্ন সহযোগী সংগঠনের স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দ বক্তৃতা করেন। অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

সিকান্দার/রোকন/২০২২/১৯.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd